

যস্য পুত্র যাহা নাম, যথা হ'ল জন্মধাম,  
করিলাম লিখিতে আশায়।  
রসিক সজ্জন বিজ্ঞ, দেহ মোরে এই ভাগ্য,  
মনোজ্ঞ নিষ্ফল যেন নয়।।  
মানব কুলে আসিয়ে, যশোবস্ত সূত হ'য়ে,  
জন্ম নিল সফলানগরী।  
প্রচারিল গুণাগম্য, সূক্ষ্ম সনাতন ধর্ম,  
জানাইল এ জগত ডরি।।



কি ধন্য প্রভুর লীলা এই কলিযুগে।  
সব লীলা হ'তে ধন্য হ'ল ভক্তিয়োগে।।  
দশরথ গৃহে জন্ম লইল শ্রীরাম।  
ভূভারহরণ পূর্ণ ভক্ত মনস্কাম।।  
বৈকুণ্ঠ নায়ক হরি হৈল লীলাকারী।  
নন্দের নন্দন কৃষ্ণ গোলোক বিহারী।।  
ভূভারহরণ ভক্ত মনোরম্যকারী।  
ভক্ত সঙ্গে প্রেমরস মধুর মাধুরী।।  
তিন শক্তি একত্র হইয়া ভগবান।  
দেবকীর বায়ুগর্ভে দুই শক্তি যান।।  
ব্রহ্মবৈবর্ত পুরাণে মীমাংসা র'য়েছে।  
যশোদার গর্ভে মহাবিশু জন্মিয়াছে।।  
চারিশক্তি একযোগে হয় কৃষ্ণলীলা।  
ভাগবতে শুকদেব মীমাংসা করিলা।।  
বহুত প্রমাণ লাগে সেসব লিখিতে।  
অন্যান্য প্রমাণ ধ্রুবে র'য়েছে বলিতে।।  
চৈতন্য চরিতামৃত তাহার প্রমাণ।  
বহু যুগ গত পরে এল ভগবান।।  
নন্দসূত ব'লে যাঁরে ভাগবতে গাই।  
সেই কৃষ্ণ অবতীর্ণ চৈতন্য গৌসাই।।  
বহুৎ দ্বাপর কলি আসে আর যায়।  
স্বয়ং এর অবতার তা'তে নাহি হয়।।

অষ্টবিংশ মন্বন্তর শেষ যেই কলি।  
অবতীর্ণ ভক্তবৃন্দ লইয়া সকলি।।  
যে দ্বাপরে অন্য শক্তি বিবর্জিত হ'য়ে।  
গোলোক বিহারী লীলা গোকুলে আসিয়ে।।  
দ্বাপরের শেষ সেই কলির সন্ধ্যায়।  
শ্রীগৌরাদ্ররূপে প্রভু জন্মে নদীয়ায়।।  
এই সেই কলি এই সেই অবতার।  
অনর্পিত প্রেমভক্তি অর্পিল এবার।।  
সেইত গৌরাদ্র প্রভু এই কলিকালে।  
অবতীর্ণ নদীয়াতে হরি হরি বলে।।  
উৎকলেতে লীলা সাঙ্গ অল্পেতে করিল।  
মনের কামনা বহু মনেতে রহিল।।  
চৈতন্য চরিতামৃত মঙ্গলাচরণে।  
প্রভুর মনের কথা লিখিল যতনে।।  
দাস্য-সখ্য বাৎসল্য মধুর চারি রস।  
চারিভাবে ভক্ত যত কৃষ্ণ তার বশ।।  
আপনিও এই ধর্ম করিব যাজন।  
ইহা দ্বারা করাইব ভক্তের শিক্ষণ।।  
সন্ন্যাস করিল প্রভু এই ধর্ম লয়ে।  
রাগানুগা প্রেম ভক্তি হাটে বাছড়িয়ে।।  
গৌড়িয়ার ভক্ত তার নাহি পায় লেশ।  
শুদ্ধাচার সেবা-ভক্তি নাম ভাবাবেশ।।  
আটচল্লিশ বর্ষ মধ্যে প্রভু দিল ফাঁকি।  
এইতো প্রতিজ্ঞা এক রহিলেক বাকী।।  
কাশীতে বসিয়া সনাতনে শিক্ষা দিলা।  
সনাতনে শিক্ষাকালে অনেক কহিলা।।  
অকামনা প্রেম-ভক্তি কেবলার রীতি।  
আপনি বা তাহা কই পারিল বর্ত্তহিতি।।  
কেবলার রীতি এই কৃষ্ণেতে ঐকান্তি।  
তার আগে ভক্তি মুক্তি সকলি অশান্তি।।  
কৃষ্ণগত প্রাণ হ'বে কৃষ্ণ সুখে সুখী।  
কার দেহ লয়ে প্রভু মারে ঝাঁকি ঝাঁকি।।